

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো  
ই-গভর্ন্যান্স ও উন্নাবনী কার্যক্রম  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং ৫২.০১.০০০০.৭০১.০১.০০১.২০- ১৭৮

তারিখ ৩০ অগ্রহায়ন, ১৪২৮ ব.  
১৫ ডিসেম্বর, ২০২১ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যরোর ইনোভেশন কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাটি নিম্নবর্ণিত সময়সূচী অনুষ্ঠিত হয়ঃ

তারিখ : ১৪ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ  
সময় : দুপুর ২.৩০ ঘটিকা।  
সভার স্থান : এসএসটিআই এর পরিচালক ও ইনোভেশন কর্মকর্তার সভাকক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো।  
সভাপতি : জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা।, এসএসটিআই

২.০ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

৩.০ সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই ইনোভেশন কর্মকর্তা ইনোভেশন কাজ বেগবান করার বিষয়ে আলোচনা করেন এবং যথাযথভাবে সময়মত ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভায় আলোচনার জন্য ইনোভেশন এর কার্যক্রম অগ্রগতি দ্রুত প্রস্তুত করে তাকে অবহিত করার। ইনোভেশন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের এ ব্যাপারে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। এক পর্যায়ে সদস্য সচিব ও উপপরিচালককে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সেলক্ষ্য, সদস্য সচিব আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করলে সভাপতিসহ সকল সদস্য সক্রিয় অংশগ্রহণ করেন।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভায় আলোচনার জন্য ইনোভেশন এর কার্যক্রম অগ্রগতি দ্রুত প্রস্তুত করতে হবে।

২) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে প্রশিক্ষণ সেমিনার/প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। এ সংক্রান্ত কার্যক্রমে জনাব মোহাম্মদ সাদাম হোসেন খান, উপপরিচালক ও জনাব মিনার উদ্দীন আহমেদ, পরিসংখ্যান কর্মকর্তা দ্রুত ব্যবস্থা গ্রহণপূর্বক সদস্য সচিবকে সহযোগিতা করবেন।

৩) ই-গভর্ন্যান্স ও উন্নাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি. এর মধ্যে ডিজিটাইজড সেবার বাস্তবায়ন উপলক্ষ্যে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার কর্তৃক “শুমারি/জরিপের ডিজিটাল মোড়ক উন্মোচন” শীর্ষক ডিজিটাইজড সেবাটি বাস্তবায়নের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪) এছাড়া অন্যান্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকেও কর্মপরিকল্পনা অনুষ্ঠিত প্রশিক্ষণে উন্নাবনী কার্যক্রম অন্তর্ভুক্ত করণে ইনোভেশন টিমের সম্পৃক্ততা আনয়নে মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে একটি চিঠি মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে।

৫) মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উন্নাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে মাঠ পর্যায়ে অনুষ্ঠিত প্রশিক্ষণে উন্নাবনী কার্যক্রম অন্তর্ভুক্ত করণে ইনোভেশন টিমের সম্পৃক্ততা আনয়নে মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে একটি চিঠি মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবুল কালাম আজাদ  
পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা  
ফোন: ৫৫০০৭০১০  
ইন্টারকমঃ ১৭৬৩

বিতরণ :

- ১। জনাব/বেগম ..... সদস্য, ইনোভেশন কমিটি, বাংলাদেশ পরিসংখ্যান বুরো।
- ২। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এসএসটিআই (পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, এফএএন্ডএমআইএস, বিবিএস
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান বুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান বুরো (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। আয়ন ব্যয়ন কর্মকর্তা, এফএএন্ডএমআইএস, বিবিএস।